



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৫
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৬
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৭
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১১
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১২
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৪
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৭
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৮
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৯
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	২০

৪

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে ১৯৫৪ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের পরে সরকার প্রথমেই ধ্বংসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন পদ্ধতিগুলো পুনর্বাসনে গুরুত্ব আরোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। বর্তমানকালে ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব অধিদপ্তরের উপর ন্যস্ত। ফরিদপুর জেলায় পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত স্যানিটেশন কার্যক্রম নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা সহকারী/ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। বিগত ০৩ (তিন) অর্থ বছরে পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের ৫৩১৮ টি পানির উৎস স্থাপন, ০৮ টি পুকুর খনন/ পুনঃখনন, ০৫ টি কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ, ০৪ টি পাবলিক টয়লেট নির্মাণ, এবং পৌর এলাকায় ০৪ টি উৎপাদক নলকূপ ও ৫৯ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন এবং পল্লী এলাকায় ০২ টি উৎপাদক নলকূপ, ০৬ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

ফরিদপুর জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো এই এলাকাটি পদ্মা, কুমার, মধুমতি এবং আরিয়াল খাঁ নদী দ্বারা বেষ্টিত। জেলার অধিকাংশ উপজেলা নদী, খাল বেষ্টিত এবং দুর্গম। নদী এলাকার মানুষের মধ্যে শিক্ষার অভাব থাকায় তারা স্যানিটেশনের বিষয়ে খুবই অসতর্ক। তাছাড়া বর্তমানে প্রচলিত পার্টরিং বিশিষ্ট টয়লেট এখানে টেকসই নয়, নদীর পানি বৃষ্টি পেলেই তা অচল হয়ে পড়ে। এ জেলা নদী বেষ্টিত হওয়ায় বেরিবাধ ভেঙ্গে এখানে হঠাৎ বন্যাতে (Flash Flood) আক্রান্ত হয়। আক্রান্ত জনগণের জন্য জরুরী পানি ও স্যানিটেশন ব্যবস্থার করার জন্য পর্যাপ্ত জরুরী তহবিল বরাদ্দ পাওয়া যায় না। এছাড়া জেলার অধিকাংশ এলাকায় ডু-গর্ভস্থ পানি লবনাক্ত হওয়ায় সংশ্লিষ্ট এলাকায় নিরাপদ খাবার পানি তীব্র সংকট বিদ্যমান। ফরিদপুর জেলার বৃহৎ অংশ দরিদ্র জনগোষ্ঠীর মানুষের বসবাস থাকায় তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে। এ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দ। এখানে বিদ্যমান পানি ও স্যানিটেশন ব্যবস্থা সারা বছর কার্যকারিতা রাখা একটি বড় চ্যালেঞ্জ। শূন্য মৌসুমে পানির স্থিতিতল আস্তে আস্তে নিচে নেমে যাচ্ছে। এছাড়া ও পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সঠিক ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে বড় সমস্যা অপ্রতুল জনবল।

ভবিষ্যৎ পরিকল্পনা

ফরিদপুর জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ডু-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ডু-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধি করণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০২১-২০২২ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস (গভীর নলকূপ) স্থাপন- ২৬০৬টি।
- পৌর এলাকায় সলিড ওয়েস্ট কম্পোস্টিং সিস্টেম নির্মাণ - ০১ টি।
- পৌর এলাকায় স্লাজ সিস্টেম প্লান্ট নির্মাণ - ০১ টি।
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন- ০১ টি।
- পাবলিক টয়লেট নির্মাণ-০৫টি।
- কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ- ৩৩ টি।
- পৌর এলাকায় পাইপ লাইন স্থাপন- ১২ কিঃমিঃ।
- পৌর এলাকায় Street Hydrant নির্মাণ - ২০ টি।
- পৌর এলাকায় কমিউনিটি বিন নির্মাণ - ১৯ টি।
- পৌর এলাকায় সলিড ওয়েস্ট শার্টিং শেড নির্মাণ - ০১ টি।
- পৌর এলাকায় পাবলিক টয়লেট নির্মাণ- ০৫ টি।
- পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ- ১০ টি।